

আল-আহকাফ | Al-Ahqaf | الْأَحْقَاف

আয়াতঃ ৪৬ : ১৮

আরবি মূল আয়াত:

أُولَئِكَ الَّذِينَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِي أُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمْ مِنَ الْجِنَّ وَ
الْإِنْسِ ۚ إِنَّهُمْ كَانُوا خَسِرِينَ ﴿١٨﴾

অনুবাদসমূহ:

তাদের পূর্বে যে জিন ও মানবজাতি গত হয়ে গেছে, তাদের মত এদের প্রতিও আল্লাহর বাণী সত্য হয়েছে। নিশ্চয় এরা ছিল ক্ষতিগ্রস্ত। — আল-বায়ান

এরা হল তারাই যাদের প্রতি আল্লাহর ‘আযাবের সিদ্ধান্ত হয়ে গেছে, তাদের মত জ্বিন ও মানুষের মধ্যে হতে যারা তাদের পূর্বে গত হয়ে গেছে। এরা চরমভাবে ক্ষতিগ্রস্ত। — তাইসিরুল

এদের পূর্বে যে জিন ও মানুষ সম্প্রদায় গত হয়েছে তাদের মত এদের প্রতিও আল্লাহর উক্তি সত্য হয়েছে। এরাই ক্ষতিগ্রস্ত। — মুজিবুর রহমান

Those are the ones upon whom the word has come into effect, [who will be] among nations which had passed on before them of jinn and men. Indeed, they [all] were losers. — Sahih International

১৮. এরা তো তারা, যাদের উপর সত্য হয়েছে আযাবের সে ফয়সালা, যা সত্য হয়েছিল সে সব উস্মতের জন্য যারা গত হয়ে গেছে এদের আগে, জিন ও ইনসান থেকে। নিশ্চয় তারা ছিল ক্ষতিগ্রস্ত।

-

তাফসীরে জাকারিয়া

(১৮) এদের পূর্বে জ্বিন ও মানুষ সম্প্রদায় গত হয়েছে,[1] তাদের মত এদের প্রতিও আল্লাহর উক্তি সত্য হয়েছে।[2] নিশ্চয় এরা ক্ষতিগ্রস্ত।

[1] অর্থাৎ, এরাও সেই কাফেরদের অন্তর্ভুক্ত হয়েছে মানুষ ও জ্বিনদের মধ্য থেকে কিয়ামতের দিন যারা ক্ষতিগ্রস্ত হবে।

[2] যা পূর্ব থেকেই আল্লাহর জ্ঞানে ছিল। অথবা শয়তানের জবাবে আল্লাহ যে উক্তি করেছিলেন, لَأَمْلَأَنَّ جَهَنَّمَ (৮৫: ৮) وَمِنْكَ وَمِمَّنْ تَبِعَكَ مِنْهُمْ أَجْمَعِينَ (ص)

অবশ্যই জাহান্নাম পূর্ণ করব।) তা সত্য হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4528>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন